Date of Publication : 1st November, 2011

**Price : Rs. 2**

VOL-1, Issue 6 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*

*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

প্রথম বর্ষ ঃ ষষ্ঠসংখ্যা নভেম্বর ২০১১ কার্ত্তিক-অগ্রহায়ণ ১৪১৮

—ঃ সূচীপত্র ঃ—


| | |
|---|---|
| এ মাসের নিবেদন ঃ ডাঃ অরুণ কুমার মিত্র | — ১ |
| স্মরণিকা | — ২ |
| সাপ্তাহিক উপাসনা ও স্মরণ | — ২ |
| ২০১১ ডিসেম্বর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী | — ২ |
| A Letter to The Hon'ble Chief Minister, West Bengal | — ৩ |
| নতুন সভ্য-সভ্যা | — ৫ |
| শোক সংবাদ | — ৫ |
| পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান | — ৫ |
| কৃতজ্ঞতা স্বীকার | — ৬ |
| ভ্রম সংশোধন | — ৬ |
| School News | — ৭ |
| Raja Rammohun's Birth Anniversary : Utkal Brahmo Samaj | — ৭ |
| An Appeal | — ৭ |
| Governing Body of the Samaj for 2011-12 | — ৮ |


**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**

প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা

Telephone No. (033)6450-0915

email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

পরম ধর্মে দীক্ষিত হইতে গেলে কি চাই? প্রথমত জীবন্ত ঈশ্বরকে জীবনের জীবনরূপে উপলব্ধি করিতে হইবে। ইহা খুবই কঠিন কাজ। ঈশ্বর যখন অগ্নির ন্যায় আমাদের প্রাণে জাগিবেন তখন মনে পবিত্রতার প্রতি রুচি জাগিবে এবং পাপের প্রতি অরুচি জাগিবে। সৎপ্রসঙ্গ ও ঈশ্বরের প্রিয় কার্য্য তখন পরম মিষ্ট বোধ হইবে এবং ঈশ্বর বোধ ক্রমে হৃদয়ের অন্তঃস্থলে প্রজ্জ্বলিত হইতে থাকিবে। তখন মনকে ধীরে ধীরে ঈশ্বরের অনুগত করিতে হইবে। প্রতিদিন ভক্তি শ্রদ্ধার সহিত ঈশ্বরের পাদপদ্মে চিত্ত সমাধানের অভ্যাস করিতে হইবে।

সম্পূর্ণরূপে সব অবস্থায়, সকল কর্মে ঈশ্বরের অনুগত থাকিতে হইবে। প্রতিদিন প্রভাতে ও রাত্রে শ্রদ্ধার সহিত ঈশ্বরের প্রার্থনা ও আরাধনা করিতে হইবে। নিজে মনুষ্যত্ব বিহীন ভ্রাতৃত্ব বিরোধী আচরণ হইতে বিরত থাকিতে হইবে। ঈশ্বরকে জীবনের জীবনরূপে অনুভব করিতে হইবে।

ঈশ্বরকে লইয়াই ব্রাহ্মে ব্রাহ্মে সম্বন্ধ। ঈশ্বর প্রীতিই আমাদের সুখ শান্তির একমাত্র উপায়। যতদিন ধর্মভাবে প্রাণ পূর্ণ থাকিবে, যতদিন প্রীতি ও ভক্তিতে হৃদয় সরস থাকিবে ততদিন তাহারা পরস্পরকে প্রীতির চোখে দর্শন করিবেন। প্রীতির সহিষ্ণুতার শক্তি অত্যন্ত অধিক।

আমাদের মন এই বিরাট মনেরই এক অংশ। আমরা নিজেরা আমাদের মনের অস্তিত্ব, তার সুখ দুঃখ, ঈর্ষা, হিংসা, দয়া ভালবাসা ভাবগুলিকে জানিতে পারি। এই মনের সচেতন ভাবই আমাদের মনের প্রজ্জ্বলিত দীপ শিখা। ঈশ্বর চিন্তা আর প্রার্থনাতে মন-মন্দিরের দীপ-শিখা প্রজ্জ্বলিত হয় এবং অশুভ শক্তিকে, অন্ধকারকে দূর করে ও শুভ শক্তিকে জাগ্রত করে। প্রয়োজন মত সকল অবস্থায় অন্তরের আবদ্ধ দীপশিখাকে জ্বালাইয়া রাখিতে হয়। বিবেক বুদ্ধির আলোকে চেতনার দিব্য জ্যোতিকে প্রজ্জ্বলিত করিয়া হৃদয়ের সব অন্ধকার দূর করিবার চেষ্টা করিয়া যাইতে হয়।

এই ভক্তি যেন স্বার্থহীন, নিষ্কলুষ এবং অকৃত্রিম হয়, তবেই শ্রদ্ধাভক্তি অর্জন লাভে আত্মা উন্নত হইবে। সত্ত্বগুণ তাকে গুণাতীত, ভাবাতীত, বাক্য মনের অতীত পরমব্রহ্মের চিন্তায় নিযুক্ত করে। তখন মন নিজ নিকেতনের খোঁজ পায়। সর্বকর্মেই একমেবাদ্বিতীয়ম্ ব্রহ্মের কৃপা প্রার্থনা করিতে হয়।

— ডাঃ অরুণ কুমার মিত্র

---

—ঃ স্মরণিকা ঃ—

মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

৫ই নভেম্বর (১৮৭০) — দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের ১৪১ তম জন্মদিবস।
৮ই নভেম্বর (১৯৬৬) — ডঃ কালিদাস নাগের ৪৫ তম তিরোধান দিবস।
১৭ই নভেম্বর (১৮৯৫) — আচার্য অনিমেষ দাসগুপ্তের ১১৬ তম জন্মদিবস।
১৯শে নভেম্বর (১৮৩৮) — ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের ১৭৩ তম জন্মদিবস।
২৩শে নভেম্বর (১৯৩৭) — বিজ্ঞান সাধক জগদীশচন্দ্র বসুর ৭৪ তম তিরোধান দিবস।
৩০শে নভেম্বর (১৮৫৯) — বিজ্ঞান সাধক জগদীশচন্দ্র বসুর ১৫২ তম জন্মদিবস।

---

**—ঃ ২০১১ নভেম্বর মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—**

| | | | |
|---|---|---|---|
| রবিবার ৬ই নভেম্বর, ২০১১ | — | আচার্য | শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | দেশবন্ধু চিত্তরঞ্জন দাস |
| | | সঙ্গীত | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১৩ই নভেম্বর ২০১১ | — | আচার্য | শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | ব্রাহ্মযুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ২০শে নভেম্বর ২০১১ | — | আচার্য | শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন |
| | | সঙ্গীত | শ্রীসৌরভ চ্যাটার্জী |
| রবিবার ২৭শে নভেম্বর ২০১১ | — | আচার্য | শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | জগদীশচন্দ্র বসু, ছত্রধারিণী - বিরাজমোহিনী-কৃষ্ণদয়াল দে ও শান্তিকণা দাসগুপ্ত |
| | | সঙ্গীত | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

---

**—ঃ ২০১১ ডিসেম্বর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—**

| | | | |
|---|---|---|---|
| রবিবার ৪ঠা ডিসেম্বর, ২০১১ | — | আচার্য | শ্রীরাজকুমার বর্মণ |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১১ই ডিসেম্বর, ২০১১ | — | আচার্য | শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | ব্রাহ্মযুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

আপনাদের সবান্ধব উপস্থিতি কামনা করি।

## A LETTER TO THE HON'BLE CHIEF MINISTER, WEST BENGAL
## RE. : BRAHMO SAMAJ AND RAJA RAMMOHUN ROY

In response to a call from Sri Partha Chatterjee, Hon'ble Minister of Industries, West Bengal seeking our consent to allow the relevant Govt. Deptt. to install a Bust of Rabindranath Tagore at the premises of Behala Brahmo Samaj, this Samaj took initiative to have concurrance of other two main Samajes — Sadharan and Nababidhan Brahmo Samaj for agreeing to his proposal. Accordingly these three Samajes adopted resolutions at their respective Governing Body / Executive committee meetings in respect of this issue as also in respect of Adi Brahmo Samaj at Chitpur.

The contentions of the unanimous resolutions adopted by the aforesaid three Samajes were similar in nature which, inter-alia, sought for the consideration of the Govt. re :

1. **Behala Brahmo Samaj :** to clean renovate and beautify the Samaj with lights and green plants, install a Bust each of Rabindranath Tagore and Devendranath Tagore in the road side corners of the Samaj lawn, remove unauthorised and unwarrented encroachments and maintain the same properly as voiced by the local people and the Govt. Deptt. in order to eradicate anti-social activities from the premises for peace and tranquility. Therefore the Govt. was requested to declare the Samaj as a heritage site keeping the name "Brahmo Samaj Road" perpetually in order to enrich the locality with historical values. And that to form a Trustee Board consisting of the Presidents and Secretaries of the three Samajes and the local Municipal councillor to conduct and perform prayer service and other social activities as per Brahmo rites and customs only.
2. **Adi Brahmo Samaj :** to declare this Samaj founded by Raja Rammohun Roy in 1830, as a heritage building (already notified by KMC under grade I list) and make it free from the undesired occupiers, which is now being looked after by a Board of Trustees consisting of Brahmo Samaj members, considersing the dilapidated condition (a part of the building floor has collapsed long time ago) and encroachments by Marble dealers etc, the Brahmo Samajes desired the Govt. to take congnizance and prevent destruction of this historical site before it goes into oblivion and hence let it be restored and maintained by the Govt. with heritage values for posterity as a tribute to the 'Raja' by his countrymen.

   In addition to the foregoing issues, this Samaj also approached the Govt. in respect of the following two long pending issues :

1. **Raja Rammhun Roy's Statue :** Over the years, the statue at Maidan has been endangered by spreading thick roots of the big trees adjacent to and encircling the statue which have gone deep into the foundation-base resulting in weakening the foundation of the statue. Moreover on two occasions the statue escaped disaster by God's grace when the big trunk of the nearby trees fell broken due to strong monsoon gale, missing the statue by inches.

Under this serious circumstances, this Samaj has moved since 1993 various Govt. Deptts viz PWD, KMC, Forest, Environment, Botanical Survey, DC Police (HQ) and the Army Authority to shift the statue to a suitable safe place. The GOC, Bengal Area on a personal visit to the statue site suggested to shift it to further down to the east in the open space with beautification of the surrounding areas. Subsequently the Ex-Mayor of Kolkata assured to help shift the statue to the newly built garden opposite SSKM Hospital. But nothing has been done so far to our disappointment to save the statue of the great man who enlightened the Indians with his modern thoughts and philosophy.

With the passage of time, it has no relevance now in cutting down the adjoining trees or prune their overcasting branches for its safety. The thick roots grown underneath and spreaded all over the statue cannot be removed now. Moreover the statue itself needs immediate repair and renovation as the nose and other parts of the statue are showing errosion and decadence requiring immediate attention.

We sought personal intervention of the Chief Minister, West Bengal with a request to shift it to the garden opposite SSKM Hospital with due repair and renovation of the statue in order to save it from destruction.

2. **Raja Rammohun Roy's Ancestral House at Radhanagar in Hooghly :** This historical house is in ruins. Almost a decade ago in association with Raja Rammohun Roy Smriti Raksha Samiti, we cleared the jungles that covered the entire ruinous house and restored the remaning ruins, relaid the bricks from the debris and had put up a sign board of the sacred place for public notice at a cost of about Rs. 45000/- collected through donations. The place thereafter became a picnic spot attracting tourists, as a result of which the place was made dirty by leaving behind the leftovers by the picnickers. To prevent this we had to put up another notice board to keep the place clean for sanctity.

The place consists of Rammohun's Bust, Sati Bedi and Sati Ghat, Raja's mural on the remaning ruined wall of the building and other memorabilia in the premises. The Rammohun Library as designed by Tagore is now being used by tourist-cum-local bus drivers as a resting place. There had been 3 Busts of the Raja placed on different sites at Radhanagar and Raghunathpur premises of his estates.

It is interesting to note that 3 eminent sons of Bengal were born within the radius of close vicinity viz. Raja Rammohun Roy, Pandit Ishwar Chandra Vidyasagar and Ramakrishna Paramahansa added by the subsequent tourist destination Mayapur. Swami Vivekananda also once commented that he felt proud to have such three great men born in such close proximity. We had approached the then Tourism Minister under Left Front Govt. with a request to put up a shed over a truss to cover the remaining ruined building to protect it from the onslaught of natural phenomena - sunlight, rain and storms and to introduce a tourism package all inclusive of these histotical places. This would have contributed to employment opportunities to the local people through shops, eateries, hotels etc. But nothing has been done and our efforts went in vain. We

requested the Govt. to look into the matter as suggested above for the benefit of public at large and the posterity, declaring, renovating and maintaining it as heritage sites at Radhanagar and Raghunathpur. We enclosed photographs of 'Raja's' ancestral house before and after restoration by us for their perusal and ready reference.

The well documented [viz Extracts of the Resolutions adopted by 3 Samajes, History of Behala Samaj, Copy of 'Parcha', copy of the Graded list of KMC Heritage Buildings (enlisting Adi Samaj therein), a photocopy of Tagore's Tribute to his Hero (Rammohun), 4 photographs of the ruins of the 'Rajas's' ancestral house at Radhanagar before restoration and 2 photographs thereof after restoration, 4 photographs of the Raja's Memorial Busts at Radhanagar & Raghunathpur] letter dated 12.9.11 addressed to the Hon'ble Chief Minister, West Bengal through Sri Partha Chatterjee, Hon'ble Industries Minister, West Bengal duly signed by the President of this Samaj Sm. Sunanda Das with copies endorsed to the Presidents of the respective 2 other Samajes was submitted to Sri Partha Chatterjee under cover of a separate letter by the Vice-President of this Samaj on 13.9.11 which was acknowldged through SMS.

**Note :** The bust of Rabindranath Tagore has since been installed at the Behala Brahmo Samaj by the Govt.

---

## —।। নূতন সভ্য-সভ্যা ।।—

বিগত ৮ই অক্টোবর ২০১১ সমাজের কার্যকরী সভায় গৃহীত অনুমোদন অনুসারে শ্রীসন্দীপ্ত বোস বার্ষিক চাঁদা ১০০ টাকা ও নিজস্ব চাঁদা তহবিলে (MOS Fund) ১০০০ টাকা (রসিদ নং যথাক্রমে ৫৬৮ ও ৫৬৯) এবং শ্রীমতী শ্রীলা রায় বার্ষিক চাঁদা ১০০ টাকা (রসিদ নং ৫৭০) প্রদান করে নূতন সভ্য-সভ্যা নির্বাচিত হয়েছেন।

এঁদের সকলকে আমরা সাদর অভ্যর্থনা ও শুভেচ্ছা জানাই।

---

## —।। শোকসংবাদ ।।—

বিগত ১৫ই সেপ্টেম্বর বৃহস্পতিবার ২০১১ প্রয়াত উষাকান্ত ধরের কন্যা, প্রয়াত অজয় সিন্‌হা রায়ের পত্নী এবং শ্রীঅভীক সিন্‌হা রায়ের মাতা শ্রীমতী চিত্রলেখা সিন্‌হা রায় ৭৯ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১৬ই সেপ্টেম্বর শুক্রবার ২০১১ প্রয়াত সিদ্ধিন্দ্র নাথ ঠাকুর ও প্রয়াতা পারুল ঠাকুরের পুত্র, শ্রীমতী শুভশ্রী ঠাকুরের স্বামী এবং শ্রীসমিতেন্দ্র নাথ ঠাকুর ও শ্রীরণিতেন্দ্রনাথ ঠাকুরের পিতা শ্রীরিগিন্দ্রনাথ ঠাকুর ৭৩ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

প্রার্থনা করি বিদেহী আত্মা পরম জননীর স্নেহময় ক্রোড়ে চিরশান্তি লাভ করুন। শোকার্ত পরিবার-পরিজনদের শোকসন্তপ্ত হৃদয়ে তাঁদের এই অপূরণীয় ক্ষতি ও গভীর শোকে আন্তরিক সমবেদনা ও সান্ত্বনা জ্ঞাপন করি।

---

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ২৪শে সেপ্টেম্বর শনিবার ২০১১ সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা চিত্রলেখা সিন্‌হা রায়ের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীতপোব্রত ব্রহ্মচারী।

বিগত ২৬শে সেপ্টেম্বর সোমবার ২০১১ সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াত রিগিন্দ্রনাথ ঠাকুরের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীমতী নন্দিতা সরকার।

**রাজা রামমোহন রায় স্মরণ ঃ**

বিগত ২৭শে সেপ্টেম্বর ২০১১ মঙ্গলবার কলকাতার ফোর্ট উইলিয়ামের বিপরীত দিকে অবস্থিত ময়দানে রাজা রামমোহন রায়ের মূর্তির সম্মুখে তাঁর ১৭৮ তম তিরোধান দিবস উদ্‌যাপন উপলক্ষে অনেক রামমোহন অনুরাগীর সমাগম হয়। কলকাতার ব্রাহ্ম বালিকা শিক্ষালয়ের মন্টেসরী বিভাগের শিক্ষিকারা ও শিশু ছাত্রীরা সঙ্গীত পরিবেশন করেন। শুরু হয় বেদ গান "ওঁ পিতা নো হসি, পিতা নো বোধি......" দিয়ে, পরে আরো কয়েকটি ব্রহ্ম সঙ্গীত পরিবেশিত হয়। শ্রীসঞ্জীব মুখার্জি অতি মনোজ্ঞ উপাসনা করেন এবং রাজা রামমোহন রায়ের কর্মজীবন সম্বন্ধে বক্তব্য রাখেন। ব্রাহ্ম সমাজের বিশেষত কলকাতায় অবস্থিত সকল সংস্থা থেকে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। ব্রাহ্ম সম্মিলন সমাজের পক্ষ থেকে সম্পাদক শ্রীপ্রসূন গাঙ্গুলী পুষ্পার্ঘ অর্পণ করেন। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগ থেকে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। কলকাতার পৌরসভার মাননীয় উপ-মহানাগরিক শ্রীমতী ফরজানা আলম তৎপরে পুষ্পার্ঘ প্রদান করেন। অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় পালন করা হয়।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত অক্টোবর মাসের রবিবাসরীয় সাপ্তাহিক উপাসনার কার্যসূচী অনুযায়ী আচার্য শিবনাথ শাস্ত্রী, মহাত্মা গান্ধী, ভাই প্রতাপচন্দ্র মজুমদার, সুধীরঞ্জন দাস, আচার্য ননীভূষণ দাসগুপ্ত, ভক্তকবি অতুলপ্রসাদ সেন, সতীশরঞ্জন দাস, আচার্য সতীশচন্দ্র চক্রবর্তী ও নীলমণি চক্রবর্তীর স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রীসঞ্জীব মুখার্জি, শ্রীতপোব্রত ব্রহ্মচারী, শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী, শ্রীমতী সুতপা রায়চৌধুরী ও ডঃ শুচিতা দেব আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী সুস্মিতা বসু, দ্বিতীয় রবিবার শ্রীমতী সুহিতা ভট্টাচার্য, শ্রীমতী উদিতা কায়, শ্রীমতী অঞ্জনা গুহ, শ্রীমতী ইভা মুখার্জী, শ্রীমতী সুস্মিতা নাথ, শ্রীমতী শ্রীচন্দ্রা ব্যানার্জী, শ্রীমতী অনুরমা ভট্টাচার্য, শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী রীতা চক্রবর্তী, শ্রীমলয় দাস, শ্রীমতী বিজয়লক্ষ্মী দাস, শ্রীঅভীক ঘোষ ও শ্রীমন্দার সেনগুপ্ত। তৃতীয় রবিবার শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা। চতুর্থ রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রী অনিরুদ্ধ রক্ষিত ও পঞ্চম রবিবার শ্রীমতী রুবী মজুমদার।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীসুব্রত দাসগুপ্ত, শ্রীমতী স্মিতা রাও, শ্রীমতী অরুণা দাসগুপ্ত ও শ্রীসুপ্রতিম দাসগুপ্ত (প্রয়াতা আরতি দাসগুপ্তের স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০০ টাকা (র/নং ২৬২৪); শ্রীঅভীক সিন্‌হা রায় (প্রয়াতা মাতা চিত্রলেখা সিন্‌হা রায়ের স্মৃতির উদ্দেশ্যে) — ২০০ টাকা (র/নং ২৬২৩); ডঃ শুচিতা দেব (A.G.M.) (২৫/০৯/১১) এর দিন Food Packet বিক্রয়লব্ধ অর্থ বাবদ) — ৩২০ টাকা (র/নং ২৬২৭); শ্রীমতী তপতী চৌধুরী (প্রয়াতা মাতা প্রতিমা মজুমদারের স্মরণ অনুষ্ঠান (নিজ বাসভবনে) উপলক্ষে) — ৩০০০ টাকা (র/নং ২৬২৮); ডঃ শুচিতা দেব (A.G.M.) (২৫/০৯/১১) এর দিন অতিরিক্ত Food Packet বিক্রয়লব্ধ অর্থ বাবদ ) — ৮০ টাকা (র/নং ২৬২৯)।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীঅভীক সিন্‌হা রায় (প্রয়াত মাতা চিত্রলেখা সিন্‌হা রায়ের আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬২২); শ্রীসমিতেন্দ্রনাথ ঠাকুর [illegible]াত পিতা রিগিন্দ্রনাথ ঠাকুরের আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬২৩)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** শ্রীসুব্রত দাসগুপ্ত, শ্রীমতী স্মিতা রাও, শ্রীমতী অরুণা দাসগুপ্ত ও শ্রীসুপ্রতিম দাসগুপ্ত (প্রয়াতা আরতি দাসগুপ্তের স্মৃতির উদ্দেশ্যে) — ২০০০ টাকা (র/নং ২৬২৫)।

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীমতী দীপ্তি পাল (প্রয়াতা ভগিনী চিত্রলেখা বসুর স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০০ টাকা (র/নং ১৯৮); শ্রীসুব্রত দাসগুপ্ত, শ্রীমতী স্মিতা রাও, শ্রীমতী অরুণা দাসগুপ্ত ও শ্রীসুপ্রতীম দাসগুপ্ত (প্রয়াতা আরতি দাসগুপ্তের স্মৃতির উদ্দেশ্যে) — ২০০০ টাকা (র/নং ১৯৯।

**নৈশবিদ্যালয় ফণ্ড ঃ** শ্রীসুরথ রাও (প্রয়াতা মাতা শোভনা রাও এর স্মৃতির উদ্দেশ্যে) — ৩০,০০০ টাকা (র/নং ২১১); শ্রীসুব্রত দাসগুপ্ত, শ্রীমতী স্মিতা রাও, শ্রীমতী অরুণা দাসগুপ্ত ও শ্রীসুপ্রতীম দাসগুপ্ত (প্রয়াতা আরতি দাসগুপ্তের স্মৃতির উদ্দেশ্যে)— ২০০০ টাকা (র/নং ২১২); শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী (প্রয়াত কল্যাণ কুমার দাসের স্মৃতির উদ্দেশ্যে)— ২০০ টাকা (র/নং ৪৪৯)। জয়তী রায় (প্রয়াত স্বামী কল্যান রায়ের স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০ টাকা (র/নং ২৬১৬)

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য সকল দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। করুণাময় ঈশ্বর এঁদের সকলের মঙ্গল বিধান করুন এবং এই সকল দান সার্থক হোক।

**—ঃ ভ্রম সংশোধন ঃ—**

বিগত অক্টোবর ২০১১ ব্রাহ্ম সম্মিলন বার্তায় কৃতজ্ঞতা স্বীকার বিভাগে সাধারণ ফণ্ড এবং মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ডে সৌমিত্র বোস ও মিত্রা দেবের পিতা পরিমল চন্দ্র বোসকে ভুলবশতঃ ভ্রাতা বলে উল্লেখ করা হয়েছে।

মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ডে জয়তী রায়ের স্থানে ভুলবশতঃ জয়িতা রায় ছাপা হয়েছে।

## SCHOOL NEWS

Mr. Prodip Roy Chowdhury having heard of our Night School visited our school on Friday 23rd September. He expressed a wish to give new clothes to all the students on behalf of the L.T.S. with which he is associated. We gave him a list of names of our children. Then on 30th September Mr. Roy Chowdhury accompanied by the Rev. Father John Rogers SJ. (L.T.S. Co- ordinator for S. E. Asia) and five young L.T. Sers from St. Xaviers College came and distributed new clothes to each of our 30 students — tops and trousers, salwar kameej or frocks according to the age of the child. Each gift was beautifully wrapped showing the love and care of the L.T. Sers.

Rev. Father spoke to the children in Bengali and blessed them. He took time to see the photographs of the Brahmo leaders displayed in the hall.

On behalf of Naisha Vidyalaya we express our appreciation to Rev. Father Rogers for personally coming to this institution. We also thank Mr. Roy Chowdhury and each of the St. Xaviers boys and girls who came with the gifts.

## RAJA RAMMOHUN'S BIRTH ANNIVERSARY

The members of Utkal Brahmo Samaj, Cuttack celebrated the 239th Birth Anniversary of Raja Rammohun Roy, the great reformer, founder of Brahmo Samaj and father of Indian renaissance on the 22nd May, 2011 at Brahmo Mandir, Oriya Bazar, Cuttack. Shri Ghanasyam Das, President of the Samaj and other members offered floral tribute on the portrait of Raja Rammohun Roy. The President Shri Das conducted the divine service and threw light on the life and philosophy of Raja Rammohyn Roy. The meeting ended with a vote of thanks by the Vice-President Shri Sundar Rao.

—Secretary, Utkal Brahmo Samaj

## AN APPEAL FOR EARTHQUAKE VICTIMS

As decided at the last AGM, the members and well-wishers of the Samaj are most humbly requested to please come forward to stand behind the victims of the devastating Earthquakes (on 18.9.11) in some States of our country and donate generously to the Natural Calamity Fund of the Samaj.

Donations will be accepted in cash or by cheque drawn in favour of "Brahmo Sammilan Samaj" at the Samaj office. All such donations will entail exemption of tax Under Section 80-G of the Income Tax Act, 1961.

## —// Governing Body of the Samaj for 2011-12 //—

The following members of the Brahmo Sammilam Samaj have been elected Office - bearers and Members of the Governing Body of the Samaj for the year 2011-12 at the 113th Annual General Meeting held on 25/09/11.

| | | |
|---|---|---|
| Sri Sanjib Mookerji | — | *Permanent Minister* (for three years from 2009-10 to 2011-12) |
| Sm. Sunanda Das | — | *President* |
| Sri Prasad Ranjan Roy | — | *Vice President* |
| Sri Prabir Ranjan Das Gupta | — | *Vice President* |
| Sri Prasun Ganguly | — | *Secretary* |
| Sm. Sreelata Gupta | — | *Asstt. Secretary* |
| Sm. Rita Biswas | — | *Asstt. Secretary* |
| Sri Rupnarayan Bose | — | *Asstt. Secretary* |
| Sri Aniruddha Rakshit | — | *Treasurer* |
| Sm. Chandra Basu | — | *Member* |
| Sm. Sukla Dasgupta | — | *Member* |
| Sm. Anjali Sen | — | *Member* |
| Sm. Sunanda (Ratna) Roy Chowdhury | — | *Member* |
| Dr. Rajyasree Bandyopadhaya | — | *Member* |
| Sm. Nayantara Palchaudhuri | — | *Member* |
| Sm. Sunandita Sen Gupta | — | *Member* |
| Sri Gautam Sen Gupta | — | *Member* |
| Sri Subrata Das Gupta | — | *Member* |
| Sri Sandip Kumar Basu | — | *Member* |
| Sri Anupam Chatterjee (dodo) | — | *Member* |

**N.B. :** Sri Rupnarayan Bose as the third Asstt. Secretary from amongst the members has been appointed in the Governing Body meeting dated 8th October, 2011.

***We heartily welcome the New Members of the Governing Body.***

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.